অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/31/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য (NY STATE OF HEALTH) 2020- এর উন্মুক্ত তালিকাভুক্তি সময়ের সূচনা ঘোষণা করলেন

নিউ ইয়র্কের বিমার আওতার বাইরে থাকার হার কমে চলেছে, এটি দেশের মধ্যে সর্বনিম্ন

4.8 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসী নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যের মাধ্যমে নথিভুক্ত হয়েছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা দিয়েছেন যে, 1 নভেম্বর তারিখে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য - যা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য পরিকল্পনা মার্কেটপ্লেস এবং জনগণকে গুণগত মান, সাশ্রয়ী স্বাস্থ্য কাভারেজ-এ তালিকাভুক্ত করায় দেশের মধ্যে অগ্রগামী, সেই সকল নিউ ইয়র্কবাসী যারা 2020 সালে মান সম্পন্ন, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য বিমা করাতে চায় তাদের জন্য সপ্তম বার্ষিক উন্মুক্ত তালিকাভুক্তির সময়কাল শুরু করবে।

"একটি শক্তিশালী এবং প্রাণবন্ত মার্কেটপ্লেসের মাধ্যমে স্টেটের বাসিন্দাদের স্বাস্থ্যসেবা সরবরাহের ক্ষেত্রে দেশের মধ্যে অগ্রগামী হতে পেরে নিউ ইয়র্ক গর্বিত," **গভর্নর কুওমো বলেন।** "সাশ্রয়ী মূল্যের যত্ন আইন (Affordable Care Act) বাতিল এবং স্বাস্থ্যসেবায় প্রবেশাধিকার আটকাতে ফেডারেল স্তরে ক্রমাগত আগ্রাসী হুমকির পরেও আমরা এগিয়ে চলেছি। আমরা বিশ্বাস করি স্বাস্থ্যসেবা কোনো বিলাসিতা নয়, এটি একটি অধিকার, এবং নিউ ইয়র্কবাসীকে মান সম্পন্ন, সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্য কভারেজ সরবরাহের জন্য আমাদের প্রচেষ্টা আমরা চালিয়ে যাব।"

2013 সালে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য মার্কেটপ্লেস শুরু হবার পর থেকে হওয়া এক মিলিয়ন সহ, নিউ ইয়র্কে, বিমার আওতার বাইরে থাকা মানুষের পরিমাণ 2010 সাল থেকে 1.2 মিলিয়ন হ্রাস পেয়েছে। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যের মাধ্যমে 4.8 মিলিয়নেরও বেশি মানুষ বর্তমানে কভারেজের আওয়াতভূক্ত রয়েছে।

মান সম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনার জন্য উন্মুক্ত তালিকাভুক্তি নভেম্বর 1, 2019 থেকে শুরু হবে এবং জানুয়ারি 31, 2020 পর্যন্ত অব্যহত থাকবে। নতুন তালিকাভুক্তরা কভারেজের জন্য আবেদন করতে পারবেন যেটি নভেম্বর 1, 2019-এ শুরু হবে। বর্তমানে তালিভুক্তরা নভেম্বর 16 তারিখে কভারেজ নবায়ন করা শুরু করতে পারেন। নিজের ও পরিবারের জন্য ক্রয় করতে এবং সেরা কভারেজে তালিকাভুক্ত হতে গ্রাহকদের সরাসরি সহযোগিতা সহ, মার্কেটপ্লেসটি স্টেটের প্রতিটি কাউন্টির মার্কেটপ্লেস প্রোগ্রাম জুড়ে স্বাস্থ্য পরিকল্পনার পছন্দ (Choice) অফার করে।

2020 সালের মধ্যে মেডিকেইড, শিশু স্বাস্থ্য প্লাস, অপরিহার্য পরিকল্পনা এবং মান সম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনা সহ প্রায় সকল মার্কেটপ্লেস তালিকাভুক্তদের জন্য কোনও ব্যয় বৃদ্ধি পাবে না। প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটপ্রাপ্ত গ্রাহকরা 2019 সালের তুলনায় কভারেজ ব্যয়ে কোনও পরিবর্তন দেখতে পাবেন্না, বা কিছু ক্ষেত্রে সামান্য কমই দেখতে পাবেন।

জানুয়ারি 1, 2020 তারিখ থেকে কার্যকর হওয়া কভারেজের জন্য, ডিসেম্বর 15-র মধ্যে গ্রাহকদেরকে অবশ্যই তালিকাভুক্ত বা নবায়ন করতে হবে। অপরিহার্য পরিকল্পনা (Essential Plan), মেডিকেইড এবং শিশু স্বাস্থ্য প্লাস এক বছরের জন্য উন্মুক্ত।

অনলাইন, ফোন বা একটি ইন-পার্সন অ্যাসিস্ট-এর সাহায্যে ভোক্তারা তাদের স্বাস্থ্য পরিকল্পনা বিকল্প পর্যালোচনা এবং তাদের 2020 খরচ হিসেব করতে পারেন । নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য পরিকল্পনা ক্রয়ে তাদের গ্রাহকদের সহায়তা করার উদ্দেশ্যে ওয়েবসাইটে একটি নতুন নগদ ব্যয় নির্ধারণকারী সরঞ্জাম যুক্ত করেছে যা তাদের প্রিমিয়ামগুলোর তুলনা করার পাশাপাশি উপলভ্য বিভিন্ন মান সম্পন্ন স্বাস্থ্য পরিকল্পনার জন্য নতুন খরচ নির্ধারণ করতে সহায়তা করে।

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন, "গভর্নর কুউমোর নেতৃত্বে, আমরা বীমাবিহীন নিউ ইয়র্কবাসীর সংখ্যা অনেকাংশে হ্রাস করেছি এবং প্রতিবছর আমরা এই সংখ্যা কমিয়ে আনছি। আপনি যদি বীমা না থেকে থাকে তাহলে এই সুযোগটি গ্রহণ করুন এবং এই উন্মুক্ত তালিকাভুক্তির সময়ে একটি পরিকল্পনায় তালিকাভুক্ত হয়ে যান আর যদি আপনি বর্তমানে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যের মাধ্যমে বীমা করে থাকেন তাহলে আসন্ন বছরের জন্য আপনার কভারেজটি নবায়ন করতে ভুলবেন না।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যের নির্বাহী পরিচালক ডোনা ফ্রেসকাটোর বলেন, "আমরা আমাদের সপ্তম উন্মুক্ত তালিকাভুক্তি শুরুর সময়, নিউ ইয়র্কবাসীদের কভার করতে পূর্বের যেকোনো সময়ের চাইতে অধিক প্রতিশ্রুতিবদ্ধ। স্টেটের বিমাবিহীন মানুষের হার কমিয়ে আনার সফলতায় আমরা গর্বিত এবং 2020 সালে আরও বেশি নিউ ইয়র্কবাসীকে সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবা প্রবেশাধিকার পেতে সহায়তা করার জন্য কাজ করব।"

ভোক্তাগণ একটি স্বাস্থ্য পরিকল্পনায় নাম নথিভুক্ত করতে পারেন:

- 1-855-355-5777 এ কাস্টমার সার্ভিস সেন্টারে ফোন করার মাধ্যমে
- **nystateofhealth.ny.gov** এ ওয়েবসাইটে লগ-ইন করে
- সরাসরি অ্যাসিস্টের সঙ্গে দেখা করে। একজন আসিস্টর খুঁজুন **এখানে**।

নিউ ইয়র্কবাসীকে মার্কেটপ্লেস সম্পর্কে বোঝাতে এবং স্বাস্থ্য পরিকল্পনায় গ্রাহকদের তালিকাভুক্ত করার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্যের প্রতিনিধিরা স্টেট জুড়ে অনেক ধরনের অনুষ্ঠানে থাকবেন। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য **ইভেন্ট ম্যাপে** উপলভ্য স্থানের তালিকা পাওয়া যায়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন